

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মুদ্রা

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৩৭.২০১৭ ৯৪২


তাং ২০-০৪-২০১৭খ্রিঃ।

বিষয় : রীট পিটিশন নং- ৪৫২৩/২০১৭,বাদী জনাব আরিফুল হক চৌধুরী, পিতা-মৃত শফিকুল হক চৌধুরী, হাউজ নং- ০১ ব্লক-বি, কুমারপাড়া  
আবাসিক এলাকা,সিলেট।

সূত্র : তারিখঃ ০৪.০৪.২০১৭, সহকারী রেজিষ্ট্রার, বাংলাদেশ হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত।

সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক চৌধুরী এর বিরুদ্ধে বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-০৪/২০০৯ এর সম্পূর্ণক  
চার্জশীট বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এ বিভাগের ০২/০৪/২০১৭ তারিখের ৪১১ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত  
আদেশের বিরুদ্ধে রীট পিটিশন নং ৪৫২৩/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত সাময়িক বরখাস্ত আদেশ ০৩ মাসের জন্য স্থগিত করতঃ  
রুল ইস্যু পূর্বক জবাব দাখিলের জন্য সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। রীট পিটিশন নং- ৪৫২৩/২০১৭ নং মোকদ্দমায় প্রতিদ্বন্দিতার  
জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহনকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক  
কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত  
সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

  
(মোহাম্মদ শফিউল আরিফ)  
উপসচিব (আইন-১)  
৯৫৪০৯৯

উপসচিব  
সিটি কর্পোরেশন-১ শাখা  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। অফিস কপি।